

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস এর আঞ্চলিক কার্যালয় রংপুর
পেপার ক্লিপিং

শিরোনাম: গঙ্গাচড়ায় বিনামূল্যে পেঁয়াজ বীজ ও সার বিতরণ

পত্রিকার নাম: দৈনিক যুগের আলো প্রকাশের তারিখ: ০২ অক্টোবর-২০

দৈনিক
আমরা মানবতার পক্ষে
যুগের আলো
উত্তরাঞ্চলের সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

রংপুরঃ সোমবার ১৭ আশ্বিন ১৪৩০ : ০২ অক্টোবর ২০২০



গঙ্গাচড়ায় বিনামূল্যে পেঁয়াজ বীজ ও সার বিতরণ

-যুগের আলো

গঙ্গাচড়ায় বিনামূল্যে পেঁয়াজ বীজ ও সার বিতরণ

● গঙ্গাচড়া (রংপুর) প্রতিনিধি

রংপুরের গঙ্গাচড়ায় ২০২০-২১ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ (নারী) আবাদ ও উৎপাদন বৃদ্ধির নিমিত্তে প্রণোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণের উদ্বোধন করা হয়েছে। রোববার (১ অক্টোবর) গঙ্গাচড়া কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে কৃষি অফিস চত্বরে বিতরণের উদ্বোধন করেন রংপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) কৃষিবিদ মোঃ হাবিবুর রহমান। এ সময় উপজেলা কৃষি অফিসার মারুফা ইফতেখার সিদ্দিকা, কৃষি সম্প্রসারণ অফিসার আজমাইন মুস্তারীসহ উপসহকারী কৃষি অফিসারগণ ও সুবিধাভোগী কৃষকগণ উপস্থিত ছিলেন। কৃষি অফিস সূত্রে জানা যায়, উপজেলায় ৯ টি ইউনিয়নের ২শ ৯০ জন তালিকাভুক্ত কৃষকের প্রত্যেককে ১ কেজি পেঁয়াজ বীজ, ২০ কেজি ডিএপি, ২০ কেজি এমওপি, বালাইনাশক ১ প্যাক, পলিথিন ১ বাউল, সুতলি ৪ গোলা, বাঁশ ২ টা দেওয়া হবে এবং পরবর্তীতে পেঁয়াজ চারা মূল জমিতে রোপন বাবদ ২ হাজার করে টাকা নগদের মাধ্যমে দেওয়া হবে। □